দৈনিক ইত্তেফাক

27 FEB 2015

# বাঘায় ভূমি ও শিক্ষা অফিসের কাগজপত্র ভস্মীভূত

■ বাঘা ( রাজশাহী) সংবাদদাতা

উপজেলার ভূমি ও মাধ্যমিক শিক্ষা অফিসে অগ্নিকাণ্ডে মূল্যবান কাগজ, দুইটি মোটর সাইকেল ও সংরক্ষিত বইপত্র পুড়ে গেছে। বৃহস্পতিবার ভোর রাতে এ অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে। আগুনের সূত্রপাত সম্পর্কে কেউ কিছু বলতে পারেননি।

বাঘা থানা পুলিশ জানায়, এ ঘটনায় জিজ্ঞাসাবাদের জন্য ভূমি অফিসের নাইট গার্ড জামাত আলী, পিওন গোলাম রহমান, মাধ্যমিক শিক্ষা অফিসের আবুল কাশেম এবং সাব রেজিস্ট্রি অফিসের নাইট গার্ড আব্দুল মান্নানকে আটক করা হয়েছে।

মাধ্যমিক শিক্ষা অফিসের সহকারী আব্দুল হান্নান জানান, আগুনে প্রায় পৌনে ৩ লাখ টাকার ক্ষতি হয়েছে।

উপজেলা নির্বাহী অফিসার বাদল চন্দ্র হালদার জানান, ভূমি অফিসের ২০১১ সাল হতে ২০১৩ ইং সাল পর্যন্ত সংরক্ষিত সাড়ে ৪ হাজার নথীসহ জানালা ও দরজা পুড়ে ভস্মীভূত হয়েছে।

অফিসের নাইট গার্ড ও পিওনদের জিজ্ঞাসাবাদে তারা জানায়, ভোর রাতে তালাবদ্ধ কক্ষের ভিতরে আগুন ধরে দরজা, জানালাসহ অন্যান্য আসবাবপত্র পুড়ে যায়। তাদের ডাক চিৎকারে স্থানীয় লোকজন গিয়ে আগুন নেভানোর চেষ্টা করেন। পরে ফায়ার সার্ভিসের লোকজন এসে আগুন নিয়ন্ত্রণ আনে।

বাঘা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আমিনুর রহমান জানান, যে কক্ষে আগুন লেগেছে, ওই কক্ষটি বাইরে থেকে তালা লাগানো ছিলো। এছাড়াও রুমটি প্রাচির বেষ্টিত। আগুনের সূত্রপাত সম্পর্কে তথ্য উদঘাটনের চেষ্টা চলছে।